

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৬৪৩  
আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
১৫ নভেম্বর রাজ্যভিত্তিক অনুষ্ঠানের সূচনা

সরকারি বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুফল জনগণের কাছে পৌঁছে দিতে আগামী ১৫ নভেম্বর থেকে দেশব্যাপী বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এদিন জনজাতীয় গৌরব দিবসের পুণ্যলগ্নে ঝাড়খন্ড থেকে দেশব্যাপী এই কর্মসূচির উদ্বোধন করবেন। সেই সাথে সরকারি প্রকল্প ও পরিষেবা সমূহের তথ্য সমৃদ্ধ ভ্রাম্যমান প্রচার বাহনের যাত্রাও শুরু হবে। আগামী ২৬ জানুয়ারি, ২০২৪-এ এই সংকল্প সমাপ্ত হবে।

আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ১ নং হলে আগামী ১৫ নভেম্বর রাজ্যভিত্তিক বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা হবে। তাছাড়াও এই অনুষ্ঠানে রাজ্যভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন ও প্রতি ঘরে সুশাসন ২.০-এরও সূচনা হবে। রাজ্যের এই সংকল্প যাত্রার সূচনা করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যসচিব জে কে সিনহা ও রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা।

রাজ্যভিত্তিক এই অনুষ্ঠানে ঝাড়খন্ড থেকে জাতীয়স্তরের অনুষ্ঠান সম্প্রচার করা হবে। তাছাড়াও আগরতলায় রাজ্যভিত্তিক অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জেলা ব্যতীত অন্যান্য জেলায় সরাসরি সম্প্রচার করা হবে। এদিন পশ্চিম ত্রিপুরা জেলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন থেকে ও ধলাই জেলার আমবাসা থেকে সরকারি প্রকল্প ও পরিষেবার তথ্য সম্বলিত ভ্রাম্যমান প্রচার বাহনেরও সূচনা হবে।

\*\*\*\*\*